

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.৯৪২.১৭-১০০

তারিখঃ ১৮/০৭/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্পের আওতায় Bangladesh Research and Education Network (BdREN) এর অফিস স্পেস ক্রয় বিষয়ে মতামত প্রদান।


সূত্রঃ UGC/HEQEP/Procurement/G-116-AF/2018/578; তারিখঃ ০৯/০৭/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সুত্রাধীন স্মারকের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জমি/ভবন/অফিস স্পেস ইত্যাদি স্থাবর সম্পত্তি প্রচলিত পণ্যের বৈশিষ্ট্যবাহী নয় বিধায় বিষয়টি পিপিআর, ২০০৮ এর বিধি-২ এ উল্লিখিত 'পণ্য', 'কার্য' বা 'সেবা'র সংগায় অন্তর্ভুক্ত নয়। এ ধরনের ক্রয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ এর দরপত্র প্রক্রিয়াকরণ অংশের বিধানসমূহ (সূত্রঃ পিপিআর, ২০০৮ এর তফসিল-৩ এর পদ্ধতি ভিত্তিক ফ্লো-চার্টসমূহ) কিংবা কোনো আদর্শ দরপত্র দলিল প্রযোজ্য নয়। তবে, সরকারি তহবিল হতে ক্রয়ের ক্ষেত্রে অনুসৃত মৌলিক নীতিসমূহ যেমনঃ স্বচ্ছতা, জবাবদিহিতা, মিতব্যয়িতা, উপযুক্ততা ইত্যাদি সকল ধরনের ক্রয়ের ক্ষেত্রেই নীতিগত এবং বাস্তবায়ন পর্যায়ে নিশ্চিত করা সমীচীন।

০২। বর্ণিত ক্রয়ের ক্ষেত্রে সম্ভাব্য প্রতিযোগিতা বাস্তবসম্মত নয় বিধায় সরাসরি ক্রয় নীতি অনুসরণে বিক্রেতার আর্থিক প্রস্তাব নেগোসিয়েশনের মাধ্যমে চূড়ান্ত করে আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পরে প্রচলিত বিধান অনুসরণ করে ক্রয় কাজ নিষ্পন্ন করা যেতে পারে।

০৩। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
ঢাকা ট্রেড সেন্টার (৯ম তলা)
৯৯, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।


(মোসামাঃ মৌসুমী হাবিব)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

অনুলিপিঃ

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩) অফিস কপি।